

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।


স্মারক নং-৪১.০১.৫৯৯৪.০০০.১৬.০০১.২০.

তারিখ: ২৬.০৯.২০২১ খ্রীঃ

বিষয়: ২০২১/২০২২ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২১ খ্রি: মাসের উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটির সভার সময় সূচী।

টংগিবাড়ী উপজেলা পরিষদের তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভা আগামী ২৮.০৯.২০২১ খ্রি. তারিখ দুপুর ০১.০০ ঘটিকার সময় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর সভাপতিত্বে উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

কমিটির সম্মানিত সকল সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও

সদস্য সচিব

উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৫। জনাব টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৬। অফিস কপি।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা তথ্য ও সংস্কৃতি কমিটির সভা

তারিখঃ ২৮/০৯/২০২১ খ্রিঃ

স্থানঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা ২৮/০৯/২০২১ খ্রিঃ বেলা ০১.০০ ঘটিকায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং কাজ শুরু করার অনুমতি প্রদান করেন। সভায় প্রারম্ভে স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব জসিম উদ্দিন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি। তিনি টংগিবাড়ী সমাজসেবা অফিসের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণের আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে নিম্নে বর্ণিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সভায় উপজেলা সমাজসেবা অফিসার বলেন, বাংলাদেশ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতাধীন পরিচালিত সমাজের ১০টি পেশা যথা বীশ ও বেত প্রস্তুতকারী, কামার, কুমার, নাপিত, জেলে ও জুতা মেরামতকারী ইত্যাদি পেশার জরিপ কর্মসূচীর কাজ চলমান রয়েছে।	সভায় বিস্তারিত আলোচনা শেষে সঠিকভাবে দ্রুত জরিপ কাজ সম্পন্ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ তিনি বর্ণিত কার্যক্রমে সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও সভাপতি, তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি, উপজেলা সমাজসেবা অফিসের যাবতীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



স্বাক্ষরঃ

(নাসিমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সভাপতি

উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.০১.৫৯৯৪.০০০.১৬.০০১.২০.

তারিখঃ ২৮.০৯.২০২১ খ্রীঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৫। সকল সদস্য অত্র কমিটি।



স্বাক্ষরঃ.....

(জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য -সচিব

উপজেলা তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।